ফের চালু অন্ডাল-দিল্লি বিমান, দাবি চেন্নাই

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ প্রায় এক বছর পর চালু হল অন্ডাল-দিল্লি বিমান পরিষেবা। পয়লা বৈশাখেই এয়ার ইন্ডিয়ার বিমান ফের অন্ডালে কাজী নজরুল ইসলাম বিমানবন্দরের মাটি ছুঁল। রবিবার ভোট ৫.৫০ মিনিটে দিল্লি থেকে এয়ার ইন্ডিয়ার যাত্রী বোঝাই বিমান অন্ডালে এসে পৌঁছালো সকাল সাড়ে সাতটায়। ২০০৯ সালে অন্ডালের ১১টি মৌজার জমিতে বিমাননগরী তৈরির উদ্যোগ নেওয়া হয়। জমি অধিগ্রহণ হলেও ঢিমেতালে শুরু হয় বিমাননগরী তৈরির কাজ। বেঙ্গল এরোট্রোপোলিশ প্রজেক্ট লিমিটেড (বিএপিএল) এবং সিঙ্গাপুরের সংস্থা চাঙ্গি ইন্টারন্যাশনালের যৌথ উদ্যোগে দেশের মধ্যে প্রথম বেসরকারি বিমাননগরী তৈরির কাজ শুরু হয়। ২০১১ সালে রাজ্যে রাজনৈতিক পরিবর্তনের পর কাজে গতি আসে। বেহালা থেকে অন্ডাল পর্যন্ত এয়ারটাক্সি পরিষেবাও চালু হয়। এরপর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অন্ডালে কাজী নজরুল ইসলাম বিমানবন্দরের উদ্বোধন করেন। প্রথমে অন্ডাল থেকে কলকাতা ছোটো বিমান চলাচল শুরু হয়। পরে কলকাতা-অন্ডাল-দিল্লি এবং দিল্লি-অন্ডাল-কলকাতা রুটে চলতে শুরু করে এয়ার ইন্ডিয়ার বিমান। দেশের মধ্যে প্রথম তৈরি হতে চলা এই বেসরকারি বিমাননগরীতে এয়ারপোর্টের সঙ্গে বহুতল আবাসন, হাসপাতাল, স্কুল, কলেজ, আইটি পার্ক, হোটেল, রেস্তরাঁ, পার্ক, শপিংমল এবং ছোটো ছোটো ম্যানুফ্যাকচারিং শিল্প গড়ে তোলার কথা আগেই জানানো হয়েছিল নির্মাণকারী সংস্থা এবং সরকারের পক্ষ থেকে। তাই বিমান চলাচল করলে জমিদাতা পরিবারের সদস্য এবং এলাকার বেকার যুবক-যুবতিদের কর্মসংস্থান হবে তা বুঝে খুশি হয়েছিল গোটা এলাকা। অন্ডাল থেকে দিল্লি বিমান পরিষেবা দেওয়ার বিষয়ে রাষ্ট্রায়ত্ত বিমান পরিষেবা প্রদানকারী সংস্থার সঙ্গে রাজ্যের একটি চুক্তি হয়েছিল। তাতে উল্লেখ ছিল যে, বিমানে যত যাত্রী কম হবে সেই ভাড়ার টাকা ভর্তুকি দেবে সরকার। কিন্তু, হঠাৎ এক বছর আগে অন্ডাল থেকে দিল্লি পর্যন্ত এয়ার ইন্ডিয়ার বিমান পরিষেবা বন্ধ হয়ে যায়। এরপর অন্ডাল থেকে দিল্লি ছোটো বিমান চলাচল শুরু হলেও তা বেশিদিন চলেনি। ফলে রাষ্ট্রায়ত্ত বিমা নপরিষেবা প্রদানকারী সংস্থার সঙ্গে এই ইস্যুতে বাদানুবাদ শুরু হয় রাজ্য সরকারের সঙ্গে। এরপরই অন্ডাল বিমাননগরীর ভবিষ্যৎ নিয়ে প্রশ্নচিহ্ন দেখা যায়। কয়েকদিন আগে দুর্গাপুরের সৃজনীতে পশ্চিম বর্ধমান জেলার প্রশাসনিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ওই বৈঠকে দুর্গাপুর বণিকসভার সভাপতি কবি দত্ত ফের অন্ডাল থেকে দেশের বিভিন্ন প্রান্তে বিমান পরিষেবা চালু করার আবেদন করেন। রবিবার ফের বিমান পরিষেবা চালু হওয়ার পরে দুর্গাপুরের বণিকসভার সভাপতি কবি দত্ত বলেন, মুখ্যমন্ত্রী শিল্পাঞ্চলবাসীদের নববর্ষের উপহার দিলেন। এর ফলে শিল্পাঞ্চলে শিল্প সম্ভাবনা বাড়লো। গত ২৯ মার্চ রাজ্যের পরিবহন সচিব আলাপন বন্দ্যোপাধ্যায় জানান, আগামী ১৫ এপ্রিল অর্থাৎ পয়লা বৈশাখ থেকে অন্ডাল-দিল্লি বিমান পরিষেবা চালু হবে। আপাতত সপ্তাহে চারদিন এই বিমান চলবে। আগামী দিনে অন্ডাল থেকে দেশের অন্য প্রান্তেও বিমান চালানো হবে। পয়লা বৈশাখের এই উৎসবমুখর দিনে অন্ডালের মাটিতে ফের এয়ার ইন্ডিয়ার বিমানের অবতরণ এরাজ্যের মুখ্যমন্ত্রীর পৌরহিত্যে রাজ্যের এগিয়ে যাওয়ার আরো এক বলিষ্ঠ উদাহরণ। রবিবার দিল্লী থেকে অন্ডালে এসে নামলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা আসানসোলের বিজেপি বিধায়ক বাবুল সুপ্রিয়। তিনি এই বিমান পরিষেবা চালু নিয়ে যে খুশি তা জানালেন। এর আগে বার্নপুরে ইসকো কারখানার উদ্বোধনে আসার সময় দিল্লী থেকে অন্ডালে এসে নামেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি অন্ডালে দেশের মধ্যে প্রথম এই বেসরকারি উদ্যোগে গড়ে ওঠা বিমাননগরীর ভূয়সী প্রশংসা করে যান। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এ রাজ্যের বহু জেলায় এয়ারপোর্ট গড়ে তোলার কথা বলেছেন। শুধু নয় ২০১১ এরপর থেকে রাজ্যের বহু জেলায় এই রকম পরিকাঠামো গড়ে উঠেছে। এই অন্ডালে বহু জমি অনেক স্টিল ও ম্যানুফেকচারিং সংস্থা নিয়েছেন। তারা এখানে শিল্প গড়লে যে এই এলাকার বেকার সমস্যার সমাধানের সাথে সাথে শিল্পাঞ্চলের আর্থ-সামাজিক ব্যবস্থায় আরো ব্যাপক উন্নয়ন হবে তা আর বলার অপেক্ষা রাখেনা। তবে আসানসোল-দুর্গাপুর ছাড়াও পার্শ্ববর্তী বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া জেলা ছাড়াও বিহার ও ঝাড়খণ্ড রাজ্যের বহু মানুষ চান অন্ডাল থেকে চেন্নাই বিমান চলাচল শুরু হোক। চিকিৎসার কারণে বহু মানুষকে চেন্নাই যেতে হয়। তাই এই রুটে বিমান পরিষেবা চালু হলে তা যে লাভজনক হবে এবং অন্ডাল বিমাননগরীর আরো গুরুত্ব বাড়বে তা বলা বাহুল্য। স্বপ্নের উড়ান যাত্রা ফের শুরু হল বাঙালির নববর্ষের দিনেই। আর এই শুভদিনে মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের অন্ডাল থেকে এই বিমান চলাচল যে রাজ্যের কাছে এক আনন্দের বার্তা তা কিন্তু স্পষ্ট।

নবদ্বীপ শহরে তৃণমূল কংগ্রেসের তরফ থেকে বাংলা নববর্ষের অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, নবদ্বীপ ঃ রবিবার বাংলা নববর্ষ স্মরণে নবদ্বীপ শহর ২ নং ওয়ার্ড তৃণমূল কংগ্রেসের তরফ থেকে ভোরবেলায় কর্মী-সমর্থকদের নিয়ে একটি অভিনব শোভাযাত্রা বের হয়। এই শোভাযাত্রায় নববর্ষের শুভেচ্ছা জানিয়ে উপস্থিত ছিলেন স্থানীয় বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা। এছাড়াও উপস্থিত ছিলেন এই ওয়ার্ডের কাউন্সিলার অনুরাধা মন্ডল, রাধেশ্যাম বিশ্বাস, সোমনাথ বিশ্বাস, কালাচাঁদ সাহা, লিল্টু শেখ, রাজু সেখ, তারাকেশ্বর বসাক, আরতি দাস, মধুমতি চক্রবর্তী, কৃষ্ণা দাস, জবা দাস প্রমুখ। স্থানীয় কাউন্সিলার নববর্ষের প্রধান উদ্যোক্তা অনুরাধা মন্ডল জানিয়েছেন যে, প্রতিবছরের মতো এ বছরেও আমরা সকাল বেলায় আমাদের এলাকার বিভিন্ন শ্রেণির বিশিষ্টজনদের নিয়ে আমরা একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করি। এই শোভাযাত্রায় মহিলারা অন্য মাত্রায় নববর্ষকে শুভ কামনা জানাতে আমরা শহরের বিভিন্ন এলাকা পরিক্রমণ করি। পুরানো সমস্ত ঘটনাকে ভুলে গিয়ে আগামী নতুন বছরের জন্য সমস্ত কিছুই নতুন হোক নবাগতভাবে আমরা জীবনযাপনে নিজেদেরকে সজাগ সচেতন রেখে ভালোভাবে পৃথিবীর সৌন্দর্য অনুভব করতে পারি এই শুভেচ্ছা নিয়ে আমরা বাংলা নববর্ষের শুভকামনায় দিনকে স্মরণীয় করে রাখি। আমাদের নবদ্বীপ শহর তৃণমূল কংগ্রেসের ২ নং ওয়ার্ডের তরফ থেকে নবদ্বীপবাসীকে নববর্ষের শুভেচ্ছা ও ভালো থাকার আবেদন আমরা রেখেছি।

একই মঞ্চে মহারাজ ও মৌলানা

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ সাম্প্রদায়িকতা বিরোধী এক আলোচনা সভা অনুষ্ঠিত হল মন্তেশ্বর ব্লকের প্রিয়াগ্রামে। উপস্থিত ছিলেন মাঝেরগ্রাম রামকৃষ্ণ মিশনের মহারাজ স্বামী দুর্গানন্দ সরস্বতী ও মৌলানা ওহিদ সাহেব। শান্তির বার্তা পৌঁছে দিতে সাম্প্রদায়িকতাবিরোধী এক আলোচনা সভায় দুর্গানন্দ সরস্বতী মহারাজ বক্তব্য রাখতে গিয়ে জানিয়েছেন যে, বিবেকানন্দ মানুষ গড়ার জন্য একাধিক পন্থার কথা উল্লেখ করে গেছেন, সেই সাথে বলেছেন মানসিক বিকাশ ঘটনোর একান্ত প্রয়োজন যেখানে মানুষ শান্তি পেতে পারে। বিবেকানন্দ বলেছেন, হিংসা, বিদ্বেষ, বিশৃঙ্খলা মানুষকে বিভেদ করে দেয়। মানুষ মানুষের জন্য কাজ করে যাওয়ার কথা বলেছেন বিবেকানন্দ। তাই আজ বিবেকানন্দের পথ আমাদের সামাজিক জীবনে ও দেশের স্বার্থে ভালো থাকার একমাত্র পথ তাঁর বাণী অবলম্বন করে মেনে চলা। অন্যদিকে, ওহিদ সাহেব মৌলানা জানিয়েছেন যে, কোরআন হাদিসে ইসলাম ধর্ম শান্তি ও মানবিকতার কথা বলা হয়েছে। জঙ্গীপনাকে বাদ রেখে মানুষ মানুষের উন্নয়নে কাজ করার কথা বলা হয়েছে ইসলাম ধর্মে। তাই জঙ্গীপনা ভুলে গিয়ে শান্তির বাতাবরণ তৈরি করতে হবে আমাদের দেশে, আমাদের সমাজ ব্যবস্থায় তাহলেই আমরা ভালো থাকতে পারবো এ কথা ইসলাম ধর্মে পরিষ্কার করে বলা হয়েছে। প্রতিবছরের মতো এ বছরেও আজমিড়ের পীর খাজা মইনুদ্দিন চিস্তির প্রয়াণ দিবস উপলক্ষ্যে এই সাম্প্রদায়িকতা বিরোধী আলোচনা সভাটি অনুষ্ঠিত হয় শনিবার রাতে। এই আলোচনায় দুই হাজার দর্শক উপস্থিত ছিলেন মন্তেশ্বরে।

লরির চাকায় পিষ্ট হয়ে মৃত ২

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ রবিবার নববর্ষের সকালেই ভয়ঙ্কর পথ দুর্ঘটনায় মৃত্যু হল দুই যুবকের। নবদ্বীপের গঙ্গা থেকে স্নান সেরে বাড়ি ফেরার পথে বালি বোঝাই একটি লরি পিষে দিল বাইকে আসা দুই যুবককে। বালিবোঝাই লরির চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মৃত্যু হয় দুজনের। স্থানীয় বাসিন্দারা ও পুলিশ জানিয়েছে, মৃতদের নাম হল সৌমেন দেবনাথ (২২)। বাড়ি তেলেনিয়া পাড়া। দ্বিতীয় মৃতের নাম হল বিজয় দাশ (২০)। বাড়ি মৌডাঙ্গা পাড়ায়। স্থানীয় দুই যুবকের মৃত্যু ঘিরে ঘটে যায় তুলকালাম কান্ড। স্থানীয়দের অভিযোগ যে, এখানে কোন ট্রাফিক নিয়ন্ত্রণের ব্যবস্থা না থাকায় মাঝেমধ্যেই এরকম পথদুর্ঘটনায় মৃত্যুর ঘটনা ঘটছে পুলিশকে বারবার জানিয়েও কোনো কাজের কাজ হচ্ছে না অভিযোগ তুলে স্থানীয় বাসিন্দারা পথ অবরোধ শুরু করে।

ভোটের বাদ্যি বাজতেই দেদার অবৈধ বালি পাচার গলসিতে

নিজস্ব সংবাদদাতা, গলসি ঃ ভোটের বাদ্যি বাজতেই গলসিতে অবৈধ বালিঘাট থেকে বিনা চালানে বালি পাচার চলছে দেদার বলে অভিযোগ বাসিন্দাদের। প্রশাসন ভোট নিয়ে ব্যস্ত থাকার সুযোগে চলছে ওভারলোডেড বালি লরি। ক্ষতিগ্রস্থ হচ্ছে রাস্তা আর দুর্বল সেতুগুলি। প্রশাসন নির্বিকার বলে অভিযোগ। পঞ্চায়েত ভোট ঘোষণা হতেই প্রশাসন ব্যস্ত হয়ে পড়েছে পঞ্চায়েত ভোটের প্রস্তুতিতে। গলসির বাসিন্দাদের অভিযোগ, ভোটের বাদ্যি বেজে যাওয়ায় প্রশাসনের নজরদারি কমতেই গলসির গোহগ্রাম আর শিল্যাঘাটে বেশ কয়েকটি অবৈধ বালিঘাট থেকে দেদার বালি চুরি শুরু হয় বলে অভিযোগ। গোহগ্রাম পঞ্চায়েতের গোপডাল এলাকায় চারটি এবং শিল্যাঘাট এলাকায় ছয়টি অবৈধ বালিঘাট চলছে বলে সূত্রের খবর। মাস কয়েক আগে শিল্যাঘাট বালিঘাটের অবৈধ বালিঘাটে বালি চুরি করতে গিয়ে ট্রাক্টর চাপা পড়ে প্রাণ হারায় বালিপাচারে যুক্ত দুই যুবক। রামগোপালপুর পঞ্চায়েতের প্রধান ফজিলা বেগমের কাছে স্থানীয় বাসিন্দারা ওভারলোডেড বালি পাচার রোখার আবেদন জানান। স্থানীয় বাসিন্দারা অভিযোগ জানিয়েছিলেন পারাজ সেতু ভেঙ্গে যেতে পারে ওভারলোডেড বালির লরি যাতায়াতের জন্য। মাস কয়েক আগে গলসি ২নং ব্লকের গোহগ্রাম এলাকার বেশ কিছু বাসিন্দা জেলাশাসককে অভিযোগ জানিয়েছিলেন বালি মাফিয়াদের দৌরাত্ম্যে কৃষি জমি নষ্ট হয়ে যাচ্ছে। অভিযোগ, প্রশাসনের কাছে বারবার অবৈধ বালিঘাট চলা এবং বালি মাফিয়াদের অত্যাচারের অভিযোগ আনা হলেও কোন এক অজ্ঞাত কারণে বালিমাফিয়াদের বিরুদ্ধে প্রশাসন কোন ব্যবস্থা নেয়নি। সূত্রের খবর, শিল্যাঘাট বালিঘাট থেকে দিনে প্রায় চারশো বালি লরি ওভারলোডেড হয়ে বিনা চালানে পাচার হচ্ছে পারাজ সেতু দিয়ে। অভিযোগ গোহগ্রামের রাস্তা দিয়ে বিনা চালানে বালি পাচার হচ্ছে প্রায় ছয়শো লরি বালি। অভিযোগ, ওভারলোডেড অবস্থায় ডাম্পার আর লরিগুলি দিনের বেলাতে প্রকাশ্যে যাতায়াত করলেও পুলিশ প্রশাসন বালির লরি আটক করে না। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ ওভারলোডেড বালির লরি ডাম্পার যাতায়াত করার জন্য রাস্তার হাল ক্রমাগত বেহাল হয়ে উঠছে। বাসিন্দাদের অভিযোগ, ভোট এসে যাওয়ায় আরো সুবিধা হয়েছে বালি মাফিয়াদের। রাজনৈতিক দলগুলি অবৈধ বালিঘাট নিয়ে মাথা ঘামাতে রাজি নয় ভোটের কারণে। এইসব অবৈধ বালিঘাটগুলিতে বহু স্থানীয় শ্রমিক কাজ করে। নজরদারি বাড়ালে ভোট ব্যাঙ্কে ধস নামতে পারে এই ভয়েই রাজনৈতিক দলগুলি এখন এ বিষয়ে স্পিকটি নট। অভিযোগ বাসিন্দাদের। গলসি পুলিশ সূত্রে বলা হয়েছে অভিযান চলছে।

নবদ্বীপে বর্ষবরণ অনুষ্ঠান করল নবদ্বীপ অ্যাথলেটিক ক্লাব

নিজস্ব সংবাদদাতা, নবদ্বীপ ঃ রবিবার ছিল বাংলা নববর্ষ। এই নববর্ষকে স্মরণীয় রাখতে আগামী দিন ভালোভাবে কাটুক এই শুভকামনায় সকলকে শুভেচ্ছা জানাতে এক অভিনব বারপুজো অনুষ্ঠিত করলো অ্যাথলেটিক ক্লাব। এদিনের বারপুজো উপলক্ষ্যে এবং খেলোয়াড়দের আগামী বাংলা নববর্ষের শুভেচ্ছা জানালেন স্থানীয় বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা। এছাড়াও উপস্থিত ছিলেন, বিশিষ্ট খেলোয়াড়বিদ্ নির্মল ভৌমিক, অরুণ রায়, সুভাষ দাস, পরিতোষ চক্রবর্তী প্রমুখ। এদিন সকাল বেলায় অ্যাথলেটিক মাঠে কচিকাঁচাদের বিভিন্ন পুজোর সরঞ্জাম নিয়ে উপস্থিত থেকে বারপুজোয় অংশগ্রহণ একটি অভিনবত্বের দাবি রেখেছে বলে দাবি কর্তৃকর্তাদের। স্থানীয় বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা জানিয়েছেন যে, বাংলা নববর্ষে আমাদের সকলের জন্য শান্তিতে এবং সুন্দর জীবনযাপনে ভালো থাকতে পারি সকলকে আন্তরিকভাবে শুভেচ্ছা বিনিময় করেন খেলোয়াড়দের সঙ্গে বিধায়ক। নবদ্বীপ অ্যাথলেটিক ক্লাবের এই ধরণের সরঞ্জাম নিয়ে উপস্থিত থেকে বারপুজোয় অংশগ্রহণ একটি অভিনবত্বের দাবি রেখেছে বলে দাবি কর্তৃকর্তাদের। স্থানীয় বিধায়ক পুন্ডরীকাক্ষ সাহা জানিয়েছেন যে, বাংলা নববর্ষে আমাদের সকলের শুভেচ্ছা ও ভালো থাকার আবেদন আমরা রেখেছি। এছাড়াও এদিন নবদ্বীপ শহর তৃণমূল কংগ্রেসের তরফ থেকেও বাংলা নববর্ষ স্মরণে নানাবিধ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

স্বেচ্ছাসেবী প্রয়াসকে শুভেচ্ছা মন্ত্রীর

শ্যামল রায়, বর্ধমান ঃ রবিবার বাংলা নববর্ষকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা জানালেন একটি স্বেচ্ছাসেবী সংগঠন প্রয়াসের সদস্যদের রাজ্যের অন্যতম মন্ত্রী তথা স্থানীয় বিধায়ক স্বপন দেবনাথ। এদিন হেমাত পুর তৃণমূল কংগ্রেসের কার্যালয়ে প্রয়াসের সদস্যরা এসে মন্ত্রীকে শুভেচ্ছা বিনিময় করেন এবং মিষ্টির প্যাকেট-সহ ক্যালেন্ডার বিভিন্ন ধরণের উপহার তুলে দেন মন্ত্রীর হাতে। মন্ত্রী স্বপন দেবনাথ জানালেন যে, এই স্বেচ্ছাসেবী সংগঠন দীর্ঘদিন ধরে এলাকার গরীব মানুষের পাশে থেকে সামাজিক কাজ করে যাচ্ছে তাদেরকে নববর্ষের অনেক অনেক শুভেচ্ছা রইলো। তিনি আরও জানিয়েছেন যে, এই প্রয়াসের উদ্যোগে নানাবিধ সামাজিক কাজকর্ম এলাকায় মানুষের স্বার্থে হয়ে থাকে এটা একটা ভালো দিক বলে প্রশংসার দাবি রাখেন তিনি। প্রয়াসের সম্পাদক প্রাণকৃষ্ণ বসাক ও সভাপতি জীবন বসাক জানিয়েছেন যে, তারা বছরের প্রতিটা সময়ে মানুষের জন্য স্বাস্থ্যপরিষেবা, পরিবেশ নিয়ে জনসচেতনতা বৃদ্ধি করার লক্ষ্য নিয়ে আলোচনা সভা করে থাকেন এবং সেই সাথে রক্ত পরীক্ষার শিবিরও করে থাকেন। এছাড়াও মাঝে মধ্যে এইচআইভি নির্ণয়ক শিবির করে থাকেন তারা এলাকায়। আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে নানান ধরণের কর্মসূচি গ্রহণ করবে বলে জানিয়েছেন সম্পাদক প্রাণকৃষ্ণ বসাক। এছাড়াও দুঃস্থ বৃদ্ধ-বৃদ্ধাদের মধ্যে বছরের বিভিন্ন সময়ে বস্ত্র বিতরণ করেন বলে জানিয়েছেন তিনি। এলাকার দুঃস্থ ছাত্রছাত্রীদের মধ্যে বই-খাতা-কলম তুলে দেওয়া হয়।

জাতীয় সড়কে দুর্ঘটনায় মৃত বৃদ্ধ

নিজস্ব সংবাদদাতা, গলসি ঃ বাংলা নববর্ষের প্রথম দিনেই গলসিতে ২নং জাতীয় সড়কে পথ দুর্ঘটনায় প্রাণ হারালেন পুরশা গ্রামের এক বৃদ্ধ কৃষক। গাড়িটি পলাতক। পুলিশ গাড়ির খোঁজে তল্লাশি চালাচ্ছে। রবিবার সকালে পুরশা গ্রামের বাসিন্দা কৃষক শেখ এনামুল (৬৮) বোরো ধানের পরিচর্যা করার জন্য মাঠে যাচ্ছিলেন। ২নং জাতীয় সড়ক পার হতে যাওয়ার সময় দুর্ঘটনা ঘটে বলে জানিয়েছে পুলিশ। স্থানীয় বাসিন্দাদের সূত্রে জানা গিয়েছে রবিবার সকাল দশটা নাগাদ পুরসা গ্রামের মাঝপাড়ার মোড়ে ২ নম্বর জাতীয় সড়কে রাস্তা পার হওয়ার সময় একটি ছোট গাড়ি আচমকাই শেখ এনামুলকে ধাক্কা মারে সজোরে। গাড়ির ধাক্কায় ছিটকে পড়েন বৃদ্ধ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ছোট গাড়িটি বর্ধমানের দিক থেকে আসছিল। দুর্ঘটনার সঙ্গে সঙ্গে গাড়িটি দুর্গাপুরের দিকে দ্রুত পালিয়ে যায়। স্থানীয়রা এনামুল সাহেবকে উদ্ধার করে পুরসা ব্লক হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন। গাড়িটির খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ। স্থানীয় বাসিন্দারা বেশ কিছুক্ষণ বিক্ষোভ দেখান। পথ নিরাপত্তার দিকে বিশেষ নজর না দেওয়ায় বারবার গলসিতে ২নং জাতীয় সড়কের উপর দুর্ঘটনা ঘটছে বলে ক্ষোভ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা।

ডাঃ অশোক কুমার নন্দী
MBBS, MD, FIAMS
Regd. No.- 54156 (WBMC)
:: রোগী দেখছেন ::
স্পন্দন হেলথ্ পয়েন্ট-এ
লিংক রোড, আরামবাগ, হুগলি
সময়- সকাল ১০.৩০ মি. থেকে বিকাল ৪টে পর্যন্ত।
যোগাযোগ ঃ 9732228783, 9775034533

এম. এ. গণি হাসপাতাল
কোর্ট রোড, আরামবাগ, হুগলি
দিবারাত্রী রোগী ভর্তির সুব্যবস্থা আছে।
বিঃ দ্রঃ- স্বাস্থ্যসাথী কার্ড হোল্ডারদের এখানে সম্পূর্ণ বিনামূল্যে সুচিকিৎসার ব্যবস্থা আছে।
Mobile : 9609538713, 9775781615
Phone : 03211 - 255 222